**Cambridge International Examinations**
Cambridge Ordinary Level

CANDIDATE NAME

CENTRE NUMBER

CANDIDATE NUMBER

**BENGALI** **3204/02**

Paper 2 Language Usage and Comprehension **For Examination from 2018**

SPECIMEN PAPER

**1 hour 30 minutes**

Candidates answer on the Question Paper.

No Additional Materials are required.

**READ THESE INSTRUCTIONS FIRST**

Write your name, Centre number and candidate number in the spaces at the top of this page.
Write in dark blue or black pen.
Do not use staples, paper clips, glue or correction fluid.
DO **NOT** WRITE IN ANY BARCODES.

Answer **all** questions in **Bengali** in the spaces provided.
Dictionaries are **not** permitted.

The number of marks is given in brackets [ ] at the end of each question or part question.



© UCLES 2017

## Section: A
## বিভাগ : ক

### Separation of Words
সন্ধিবিচ্ছেদ

নিচে দেওয়া প্রতিটি শব্দের সন্ধিবিচ্ছেদ কর।

| |
|---|
| উদাহরণ: ছাত্রাবাস<br><br>উত্তর: ছাত্র + বাস |

**1** রূপান্তর

.................................................................................................................................... [2]

**2** ভয়ার্ত

.................................................................................................................................... [2]

**3** নিরক্ষর

.................................................................................................................................... [2]

**4** ভবন

.................................................................................................................................... [2]

**5** অহংকার

.................................................................................................................................... [2]

© UCLES 2017

**Idioms, Proverbs and Words in Pairs**
বাগধারা, প্রবচন এবং জোড়াশব্দ

নিচে দেওয়া উপযুক্ত বাগধারা/প্রবচন/জোড়াশব্দটি বেছে নিয়ে প্রতিটি বাক্যের শূন্যস্থান পূরণ কর।

| | |
|---|---|
| পরের ধনে পোদ্দারি | অকাল কুষ্মাণ্ড |
| তর্কবিতর্ক | পায়াভারি |
| পরের মাথায় কাঁঠাল ভাঙা | বারো মাসে তেরো পার্বণ |
| কেঁচো খুঁড়তে সাপ | ছেড়ে দে মা কেঁদে বাঁচি |
| ননীর পুতুল | মাথামুণ্ডু |

**6** উৎসবমুখর বাঙালিদের সবসময় যেন ........................................... লেগেই আছে। [2]

**7** দুর্নীতি-মামলার তদন্তে মন্ত্রীদের গড়িমসির কারণ সবাই জানে, পাছে ........................................... বেরিয়ে পড়ে। [2]

**8** তোমার কথার ........................................... কিছুই তো বোঝা যাচ্ছে না! [2]

**9** ........................................... লোকজনের হাতে দোকানের ভার দিয়েছ, ব্যবসাটা দু'দিনে লাটে উঠবে না তো আবার? [2]

**10** এতগুলো কাজ একা সামলাতে গিয়ে তার তো এখন ........................................... অবস্থা! [2]

## Sentence Transformation
বাক্য রূপান্তর

নিচের প্রত্যেকটি অসম্পূর্ণ বাক্যকে এমনভাবে লেখ যেন উপরের বাক্যটির অর্থ বদলে না যায়।

| | |
|---|---|
| উদাহরণ: | অগ্রিম টিকিট না কাটলে সঙ্গীতানুষ্ঠানে জায়গা পাওয়া অসম্ভব। |
| উত্তর: | অগ্রিম টিকিট *ছাড়া সঙ্গীতানুষ্ঠানে জায়গা পাওয়া যাবে না।* |

**11** **যতদিন না তোমার পরীক্ষা শেষ হয় আমি এখানে আসব না।**

**তোমার** .................................................................................................................... । [2]

**12** **তিনি যে বিদ্যালয়টি স্থাপন করেছিলেন, সেটি এবার শতবর্ষে পদার্পণ করল।**

**তাঁর** .................................................................................................................... । [2]

**13** **নীলুর কথা সকলের কাছেই অবোধ্য লাগছিল।**

.................................................................................................................... **না।** [2]

**14** **আজকের এই তুমুল বৃষ্টিতে অনুষ্ঠান স্থগিত রাখা ছাড়া উপায় কি?**

**আজকের এই** .................................................................................................................... । [2]

**15** **বাবলু আমাকে বলল, "আমি গান গাইতে ভালোবাসি।"**

**বাবলু আমাকে বলল** .................................................................................................................... । [2]

## Cloze Passage

শূন্যস্থান পূরণ

নিচে দেওয়া শব্দের তালিকা থেকে উপযুক্ত **শব্দটি** বেছে নিয়ে এই অনুচ্ছেদের প্রত্যেকটি শূন্যস্থান পূরণ কর।

বাংলা পৃথিবীর এক বৃহত্তর জনগোষ্ঠীর মাতৃভাষা। এই ভাষা রক্ষার জন্য 16__________ দীর্ঘ লড়াই, এমনকী মৃত্যু পর্যন্ত বরণ করেছেন বাংলার বীর সন্তানেরা। পৃথিবীর আর কোথাও এমন নজির নেই। তাঁদের উত্তরসূরী হিসেবে আমাদের উপরই 17__________ বর্তায় তাকে লালন-পালন করার, ঠিক যেমন একটি চারাগাছকে বড় করতে আমাদের 18__________ দরকার হয়। সে ব্যাপারে আমরা কিন্তু একটুও 19__________ নই। ভাষা যেহেতু একটা বহমান নদীর মতো সেকারণে ভাঙা-গড়ার 20__________ এখানে চলতেই থাকে। তাই বলে অন্যভাষাগুলো বেনোজলের মতো হুড়মুড়িয়ে ঢুকে পড়ে আমাদের ভাষাকে 21__________ করে দিতে পারে না। আমরা ভাবি মাতৃভাষা তো 22__________ ব্যাপার তাই আমাদের কোনও খেয়াল করার দরকার নেই। অবধারিতভাবে আমরা নিজেদের অজান্তেই পরম যত্নে 23__________ করে নিই ভিন্ন ভাষাগুলোকে। এর ফলস্বরূপ পদে পদে দেখতে পাই নিজের ভাষার 24__________ ও বিপন্নতা। অন্যান্য ভাষার সঙ্গে প্রতিনিয়তই 25__________ তৈরি হতে পারে কিন্তু সার্বিকভাবে সেগুলোকে গ্রহণের ব্যাপারে আমাদের অনেকখানি সতর্কতার প্রয়োজন। একমাত্র ভাষার প্রতি আমাদের ভালোবাসা, দায়িত্ববোধ আর সচেতনতাই পারে এই অবক্ষয় রোধ করতে।

| | | |
|---|---|---|
| পরিচর্যার | খেলা | দায়িত্ব |
| সহজাত | আপন | সচেতন |
| ক্রমশ | আপোসহীন | দেখার |
| বিকল্প | নতুন | দূষিত |
| অমর্যাদা | সংযোগ | সমাধান |

[20]

## Section B
বিভাগ : খ

### Multiple choice comprehension
বোধজ্ঞানের বহুবিকল্প প্রশ্ন

প্রশ্নপত্রের সঙ্গে দেওয়া **1** নম্বর নিবন্ধটি পড়ে **26** থেকে **32** নম্বর প্রশ্নগুলোর উত্তর দাও। প্রতিটি প্রশ্নের সঠিক উত্তরটি বেছে উপযুক্ত বাক্সে ☑ দাও।

**26** মোবাইল ফোন আমাদের কাছে এখন 'যেন আলাদীনের আশ্চর্য প্রদীপ' কারণ -

**A** ☐ এই যন্ত্র ছাড়া কারও সঙ্গে যোগাযোগ হওয়া অসম্ভব।

**B** ☐ চাওয়া মাত্রই জাদুবলে সবকিছুই হাতের কাছে পাওয়া যায়।

**C** ☐ আঙুলের আলতো এক চাপেই একে নানা কাজে ব্যবহার করা যায়।

**D** ☐ একমাত্র গ্রহান্তরের জীবের হাতেই এটি থাকে। [2]

**27** মোবাইল ফোন এখন সবার হাতেই থাকে কারণ -

**A** ☐ এটি একটি বিলাসী বস্তু হিসেবে আভিজাত্যের পরিচায়ক।

**B** ☐ যোগাযোগ ব্যবস্থার বিপুল পরিবর্তনের ফলে এটি সহজলভ্য।

**C** ☐ জীবনে পরিবর্তন আনার জন্য এটিই একমাত্র হাতিয়ার।

**D** ☐ এটি আমাদের সামাজিক জীবনকে ভুলিয়ে রাখে। [2]

**28** মোবাইল ফোনের ধারণাটার প্রথম শুরু হয় -

**A** ☐ ১৯১৮ সালে

**B** ☐ ১৯২৪ সালে

**C** ☐ ১৯৪০ সালে

**D** ☐ ১৯৭৩ সালে [2]

© UCLES 2017

**29** এই নিবন্ধ অনুযায়ী কোন তথ্যটি <u>সঠিক</u>?

| | | |
|---|---|---|
| A | | আমেরিকার বেল কোম্পানি সর্বপ্রথম গাড়িতে রাখা তারবিহীন ফোনের ব্যবহার চালু করে। |
| B | | আমেরিকায় সাধারণ ট্রেনে প্রথম তারবিহীন ফোনে যাত্রীদের সঙ্গে কথা বলা শুরু হয়। |
| C | | বার্লিন শহরেই সামরিক ট্রেনে সর্বপ্রথম রেডিও ফোনের মাধ্যমে অন্যান্য ফোনে কথা শুরু হয়। |
| D | | দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর পরই সারা বিশ্বে মোবাইলের পরিষেবা শুরু হয়ে যায়। |

[2]

**30** মোবাইল ফোন পরিষেবা প্রথমে তেমন জনপ্রিয়তা পায় নি কারণ -

| | | |
|---|---|---|
| A | | এটি ব্যবহার করতে ব্যবসায়ীদের আপত্তি ছিল। |
| B | | ব্যাটারী বেশি লাগত বলে খুব ব্যয়বহুল ছিল। |
| C | | সংযোগস্থাপন ব্যবস্থা কেবলমাত্র একটি অঞ্চলেই চালু ছিল। |
| D | | এখানে কথা বলার সময়সীমা বেঁধে দেওয়া হত। |

[2]

**31** জনসাধারণের সামনে প্রথম আধুনিক মোবাইল ফোনের আত্মপ্রকাশ ঘটে -

| | | |
|---|---|---|
| A | | আইবিএম-র হাত ধরে। |
| B | | অ্যাপেল কোম্পানির কল্যাণে। |
| C | | বেল কম্পানীর সৌজন্যে। |
| D | | মোটোরোলা সংস্থার উদ্যোগে। |

[2]

**32** মোবাইল ফোন নিয়ন্ত্রণ করার ক্ষমতা যে আমাদের হাতেই তা কীভাবে প্রমাণ হয়?

| | | |
|---|---|---|
| A | | মোবাইল ফোন আমাদের জীবনের গতিকে দ্রুত করেছে। |
| B | | মোবাইল ফোন সামাজিকতার একমাত্র মাপকাঠি। |
| C | | মোবাইল ফোন খোলা বা বন্ধের বোতামটি আমাদেরই হাতে। |
| D | | মোবাইল ফোন আমাদের নিজস্ব মুহূর্তগুলোকে মূল্যবান করেছে। |

[2]

## Section C
বিভাগ : গ

### Comprehension
বোধজ্ঞানের মুক্ত প্রশ্ন

প্রশ্নপত্রের সঙ্গে দেওয়া 2 নম্বর নিবন্ধটি পড়ে 33 থেকে 38 প্রশ্নগুলোর উত্তর দাও। নিবন্ধ থেকে কোনো সম্পূর্ণ বাক্য অবশ্যই হুবহু নকল না করবে না। (*প্রত্যেকটি প্রশ্নের সঠিক উত্তরের জন্য* 4 *নম্বর ও সুন্দর ভাষার জন্য* 2 *নম্বর)।*

**33 লেখক শৈশবে ঘুড়ি ওড়ানোটা কীভাবে উপভোগ করতেন তা চারটি উদাহরণসহ বুঝিয়ে দাও।**

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

.................................................................................................................................. [6]

**34 এশিয়া ও ইউরোপে কখন, কীভাবে ঘুড়ির প্রতিযোগিতা হয়? দু'টি করে উদাহরণসহ ব্যাখ্যা কর।**

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

.................................................................................................................................. [6]

**35 সময়ের ব্যবধানে ঘুড়ির গঠনে ও নামে যেসব পরিবর্তন এসেছে তা দু'টি করে উদাহরণসহ লেখ।**

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

.................................................................................................................................. [6]

© UCLES 2017

**36** ঘুড়ি উৎসবের আগে কর্মশালায় কী ধরণের ব্যস্ততা দেখা যায় **চারটি** উদাহরণসহ লেখ।

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

.................................................................................................................................... [6]

**37** সেন্ট মার্টিন দ্বীপে ঘুড়ি উৎসবের বিশেষত্ব কী কী? **চারটি** উদাহরণসহ ব্যাখ্যা কর।

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

.................................................................................................................................... [6]

**38** লেখক 'ঘুড়ি উৎসবের' কী কী ইতিবাচক দিকের বর্ণনা করেছেন? **চারটির** উল্লেখ কর।

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

..........................................................................................................................................

.................................................................................................................................... [6]

© UCLES 2017

## Vocabulary
শব্দার্থ

এই নিবন্ধ থেকে নেওয়া নিচের প্রতিটি শব্দের কেবল **একটিমাত্র** অর্থ লেখ।

**39** **অফুরন্ত**

.......................................................................................................................................... [2]

**40** **উত্তম**

.......................................................................................................................................... [2]

**41** **নমনীয়**

.......................................................................................................................................... [2]

**42** **নিরলস**

.......................................................................................................................................... [2]

**43** **অবাধ**

.......................................................................................................................................... [2]

Permission to reproduce items where third-party owned material protected by copyright is included has been sought and cleared where possible. Every reasonable effort has been made by the publisher (UCLES) to trace copyright holders, but if any items requiring clearance have unwittingly been included, the publisher will be pleased to make amends at the earliest possible opportunity.

Cambridge International Examinations is part of the Cambridge Assessment Group. Cambridge Assessment is the brand name of University of Cambridge Local Examinations Syndicate (UCLES), which is itself a department of the University of Cambridge.

© UCLES 2017